

# নজরুল বিশ্ববিদ্যালয়ে নকশার আলোকে সৌন্দর্যবর্ধনের কাজ করতে ১৪ সদস্যের কমিটি গঠন

রোকন বাহ্নি, নজরুল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি:

প্রকাশিত: ২০:৫২, ২২ জুন ২০২৫; আপডেট: ২০:৫২, ২২ জুন ২০২৫



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় জলাশয়ের চারপাশে রিটেইনিং স্ট্রাকচার নির্মাণসহ সৌন্দর্যবর্ধনের কাজ চলছে বহুদিন ধরে। এ কাজ যথাযথভাবে সম্পন্ন করতে পরামর্শক প্রতিষ্ঠানের প্রণীত এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনুমোদিত মূল নকশা ও ডিটেইল ড্রইং পর্যালোচনা করে সংস্কারের বিষয়ে প্রতিবেদন দেওয়ার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে আজ।

বিগত কয়েকদিন ধরে বিশ্ববিদ্যালয়ের একটি ভাস্কর্য "অঞ্জলি লহ মোর" ভাঙ্গা-গড়া নিয়ে তুমুল সমালোচনার মুখ্যমুখ্য পতিত হয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। প্রথম দিকে পুরো ভাস্কর্যকে ভেঙে ফেলার জন্য কাজ করা হলেও মধ্যবর্তী পর্যায়ে কাজ থামিয়ে ভাস্কর্যটিকে ভাঙ্গা নয় বরং সংস্কারের জন্য কাজ করা হচ্ছে বলে প্রশাসন ঘোষণা দেয়।

এ উপলক্ষে আজ ২২ জুন (রোববার) উপাচার্যের কার্যালয় সংলগ্ন কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত এলপিআইসি (লোকাল প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি)-এর সভায় এ কমিটি গঠন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

কমিটিতে আহ্বায়ক করা হয়েছে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. জয়নুল আবেদীন সিদ্দিকীকে এবং সদস্যসচিব উপ-প্রধান প্রকৌশলী মো. মাহবুবুল ইসলাম। ১৪ সদস্যবিশিষ্ট এই কমিটিকে ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। সভায় সিদ্ধান্ত হয়, সংস্কারকাজ ডিপিপিতে বরাদ্দকৃত অর্থের মধ্যেই সম্পন্ন করা হবে। কমিটির সুপারিশের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিধি অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নেবে।

সভায় উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইমদাদুল হুদা, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. এ. এইচ. এম. কামাল, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. সাখাওয়াত হোসেন সরকার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. বখতিয়ার উদ্দিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মিজানুর রহমান, প্রক্টর ড. মো. মাহবুবুর রহমান, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. আশরাফুল আলম, অধ্যাপক ড. তপন কুমার সরকার, পরিকল্পনা,

উন্নয়ন ও ঔষার্কস দপ্তরের পরিচালক মো. হাফিজুর রহমান, হলের প্রভোস্ট,  
প্রকৌশলীবৃন্দ ও অন্যান্য শিক্ষক-কর্মকর্তারা।